রেজিস্টার্ড নং ডি এ-১

২০২৬ সনের ২৬ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, জুন ২৫, ২০২৬**

## সূচীপত্র

| খণ্ড | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫৩৯—৫৪৫ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৭২৫—৭৪৩ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৩৭—২৪৭ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৬৩৭—৬৫৫ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |

## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**কর-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৭ জ্যৈষ্ঠ ১৪৩৩/২১ মে ২০২৬

নং **০৮.০০.০০০০.০০০.০৩৭.৬৫.০৩৪০.০৯.৩০**—বি. সি. এস (কর) ক্যাডারের কর্মকর্তা জনাব মোঃ আবু সাদেক (পরিচিতি নম্বর-২০০২৫৭)-কে ২৭ ডিসেম্বর ২০০৬ তারিখ হতে নিম্নবর্ণিত শর্তে উপ কর কমিশনার পদে ভূতাপেক্ষ ধারণাগত জ্যেষ্ঠতা প্রদান করা হলো :

শর্ত: উল্লিখিত ধারণাগত জ্যেষ্ঠতা শুধু চাকরির ধারাবাহিকতা ও জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে গণনা করা হবে। এক্ষেত্রে, তিনি কোনো আর্থিক সুবিধা পাবেন না।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

তারিখ : ২৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ/০৬ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **০৮.০০.০০০০.০০০.০৩৭.৬৫.০০২৭.২৬.১৬৮**—বাংলাদেশ নির্বাচন কমিশনের অধীনে উপজেলা নির্বাচন কর্মকর্তা পদ হতে এ বিভাগের অধীনস্থ জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন কর অঞ্চল-১৮, ঢাকায় “সহকারী কর কমিশনার” পদে কর্মরত জনাব মোঃ সোহাগ চৌধুরী (২০০৯১২) এর চাকরির ধারাবাহিকতা রক্ষা এবং বেতন সংরক্ষণের বিষয়ে বাংলাদেশ সার্ভিস রুলস (১ম খন্ড) এর বিধি-৪২ এবং বিধি-৩০০(বি) অনুযায়ী মোট পেনশনযোগ্য চাকরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে পূর্বতন চাকরির (১২-১২-২০২৩ হতে ০৮-০২-২০২৬) ধারাবাহিকতা সংরক্ষণ করা হলো :

**শর্তসমূহ :**

(১) পূর্ব পদের চাকরিকাল পেনশনের জন্য গণনার ক্ষেত্রে ‘অসাধারণ’ ছুটি থাকলে উক্ত অসাধারণ ছুটিকালীন সময় গণনা করা যাবে না;

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২) বর্তমান পদে পূর্ব পদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আতিকুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রশাসন-২ (সমন্বয়)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৬ জ্যৈষ্ঠ ১৪৩৩/২০ মে ২০২৬

নং **০৮.০০.০০০০.০০০.০২৩.২৭.০০০১.২৬-৩২**—যেহেতু, জনাব মোঃ আতিকুর রহমান, সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুরের বিরুদ্ধে ইতোপূর্বে কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা এর সহকারী প্রোগ্রামার হিসেবে কর্মকালীন সময়ে বন্ড লাইসেন্সধারী প্রতিষ্ঠান মেসার্স জংশিন টেক্সটাইল (বিডি) লিঃ এর সাথে যোগসাজসে জাল স্বাক্ষরযুক্ত প্রাপ্যতা শীট আপলোড করে প্রতিষ্ঠানটিকে প্রাপ্যতাবিহীন পণ্য আমদানিতে সহায়তা প্রদানের অভিযোগ উত্থাপিত হয়;

২। যেহেতু, জনাব মোঃ আতিকুর রহমান, সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর [সাবেক সহকারী প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা] এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড হতে তদন্ত কার্যক্রম পরিচালনা করা হয় এবং তদন্ত প্রতিবেদন থেকে দেখা যায়, তিনি গত ২৩ মে ২০২৫ তারিখে সহকারী কমিশনার এর স্বাক্ষরের সঠিকতা যাচাই না করেই মেসার্স জংশিন টেক্সটাইল (বিডি) লিঃ নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে জাল প্রাপ্যতা শীট আপলোড করেছেন এবং তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ এর প্রাথমিক সত্যতা পাওয়া যায় এবং তার কম্পিউটার ও ইউজার আইডি থেকে ঐ জাল প্রাপ্যতা শীট আপলোডের প্রমাণ পাওয়া যায়; যা সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-২(খ)(আ) অনুযায়ী কর্তব্যে অবহেলা প্রদর্শন এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী 'অসদাচরণ' এর আওতাভুক্ত অপরাধ;

৩। যেহেতু, জনাব মোঃ আতিকুর রহমান, সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর [সাবেক সহকারী প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা] এর উক্তরূপ কর্মকাণ্ডের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা জারি করা হয়;

৪। যেহেতু, জনাব মোঃ আতিকুর রহমান, সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর [সাবেক সহকারী প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা] অভিযোগনামার লিখিত জবাব দাখিল করেন; কিন্তু তিনি ব্যক্তিগত শুনানি চাননি। অভিযোগনামার লিখিত জবাবে তিনি তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ স্বীকার করেছেন এবং ক্ষমা প্রার্থন করেছেন;

৫। যেহেতু, জনাব মোঃ আতিকুর রহমান, সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর [সাবেক সহকারী প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা] এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৪(২)(ঘ) মোতাবেক 'বেতন গ্রেডের ০২(দুই) ধাপ নিম্নস্তরে অবনমিতকরণ' সূচক লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

৬। সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ আতিকুর রহমান, সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর [সাবেক সহকারী প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা] এর বিরুদ্ধে আনীত অভিযোগ, অভিযোগনামার লিখিত জবাব এবং মামলা সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে বর্ণিত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৪(২)(ঘ) মোতাবেক 'বেতন গ্রেডের ০২(দুই) ধাপ নিম্নস্তরে অবনমিতকরণ' অর্থাৎ বর্তমান মূল বেতন ৩৯,৫৭০/- টাকার ০২ (দুই) ধাপ নিম্নে ৩৫,৮৮০/- টাকায় অবনমিতকরণের লঘুদণ্ড প্রদান করা হলো, যা ০২ (দুই) বছরের জন্য বলবৎ থাকবে না। দণ্ডের মেয়াদকাল পরবর্তীতে বেতনবৃদ্ধির জন্য গণনাযোগ্য হবে না এবং তিনি উক্ত সময়ের জন্য কোনো বকেয়া প্রাপ্ত হবেন না।

৭। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আবদুর রহমান খান** এফসিএমএ
সচিব।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১০ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/২৪ মে, ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **২২/২০২৬/কাস্টমস/২৮৭**।—কাস্টমস আইন, ২০২৩ এর ধারা-১০ এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থে রাজশাহী জেলার পবা উপজেলা, কাটাখালী পৌরসভাধীন "সমসাদীপুর" ও "এমাদপুর" মৌজার অন্তর্গত নিম্নবর্ণিত তফসিলভুক্ত এলাকাকে এতদ্বারা কাস্টমস ওয়্যারহাউসিং স্টেশন হিসেবে ঘোষণা করছে, যথা :

| ক্র: নং | মৌজা | আর.এস. জে. এল নং | খতিয়ান নং | আর.এস. দাগ নম্বর | জমির পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ১ | সমসাদীপুর | ১৯১ | ০৪ | ১১৪৪ | ১৯.২৩ |
| ২ | এমাদপুর | ১৯২ | ০৪/১ | ২১৬ | ১১.১৪৪ |
| | | **মোট: ৩০.৩৭৪ একর** | | | |

**চৌহদ্দি :**

ক) পূর্বে : আবাদি জমি;

খ) পশ্চিমে : পিডিবি;

গ) উত্তরে : বাংলাদেশ রেল লাইন;

ঘ) দক্ষিণে : রাজশাহী জুট মিলস্।

নং **২৩/২০২৬/কাস্টমস/২৮৮** ।—কাস্টমস আইন, ২০২৩ এর ধারা-১০ এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থে রাজশাহী জেলার অন্তর্ভুক্ত রাজশাহী সিটি কর্পোরেশনের ১৭ নং ওয়ার্ড এর আওতাধীন "বড় বনগ্রাম" মৌজার অন্তর্গত নিম্নবর্ণিত তফসিলভুক্ত এলাকাকে এতদ্বারা কাস্টমস ওয়্যারহাউসিং স্টেশন হিসেবে ঘোষণা করছে, যথা :

| ক্র: নং | মৌজা | আর. এস. জে. এল নং | আর.এস. দাগ নম্বর | জমির পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | বড় বনগ্রাম | ১০৯ | ১৯৬৫, ১৯৬৬, ১৯৬৭, ১৯৬৮, ১৯৭৭, ১৯৭৮, ১৯৭৯, ১৯৮০, ১৯৮১, ১৯৮২, ১৯৮৩, ১৯৮৪, ১৯৮৫, ১৯৮৬, ১৯৮৭, ১৯৮৮, ১৯৮৯, ১৯৯০, ১৯৯১, ২২৪০, ২২৪১, ২২৪২, ২২৪৩, ২২৪৪, ২২৪৫, ২২৪৬, ২২৪৮, ২২৪৯, ২২৫০, ২২৫১, ২২৫২, ২২৫৩, ২২৫৫, ২২৫৬, ২২৫৭, ২২৫৮, ২৩০০, ২৩০১, ২৩০২, ২৩০৩, ২৩০৪, ২৩০৫, ১৯৬৪, ১৯৬৯, ১৯৭৬, ১৯৯২, ১৯৯৩, ১৯৯৪, ২২৩৯, ২২৪৭, ২২৫৪, ২২৫৯, ২২৯৫, ২২৯৬, ২২৯৭, ২২৯৯, ২৩০৬ | ২৬.৫৩ একর |

**চৌহদ্দি :**

ক) পূর্বে : আবাসন;

খ) পশ্চিমে : সরকারি রাস্তা;

গ) উত্তরে : সরকারি রাস্তা;

ঘ) দক্ষিণে : আবাসন।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**সুরাইয়া সুলতানা**
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৫ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/১০ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০০০.০৫৬.২২.০০০১.২৪.৩৮**—আদিষ্ট হয়ে ডিএমপি'র শাহবাগ থানার মামলা নং-২০/৩৪৮, তারিখ : ১৪-০৯-২০২৪ খ্রি. এর ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামিরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯-এর ৮/৯/১০/১১/১২ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত আইনের ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

তারিখ : ১৮ জ্যৈষ্ঠ ১৪৩৩/০১ জুন ২০২৬

নং ৪৪.০০.০০০০.০০০.২২৫.২২.০০১১.২৩-৪৫—আদিষ্ট হয়ে পুলিশ অধিদপ্তর হতে প্রাপ্ত সুপারিশ এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের মতামতের আলোকে নিম্নবর্ণিত পুলিশ কর্মকর্তাদের বিরুদ্ধে নামের পার্শ্বে বর্ণিত মামলাসমূহের অভিযোগপত্র বিজ্ঞ আদালতে দাখিলের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮-এর ১৯৭ ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো :

| ক্রম | কর্মকর্তার নাম, বিপি নম্বর, ব্যাচ ও পদবি | থানার নাম, মামলা নং ও তারিখ |
|---|---|---|
| ০১ | মোঃ হারুন অর রশীদ, বিপি-৭৪০১১১৯৭৫৩, বিসিএস ২০তম ব্যাচ, সাবেক ডিবি প্রধান, ডিএমপি, ঢাকা | (১) যাত্রাবাড়ি থানার মামলা নং-০৯, তারিখঃ ০৬-১০-২০২৪ খ্রি. পেনাল কোড, ১৮৬০-এর ১৪৩/৩০২/৩২৩/৩২৪/৩২৫/৩২৬/১০৯/১১৪/৩৪ ধারা<br>(২) যাত্রাবাড়ি (ডিএমপি) থানার মামলা নং-৩১, তারিখঃ ২৮-০৮-২০২৪ খ্রি. পেনাল কোড, ১৮৬০-এর ৩০২/১০৯/১১৪ ধারা<br>(৩) যাত্রাবাড়ি (ডিএমপি) থানার মামলা নং-২৫, তারিখঃ ২৭-০৮-২০২৪ খ্রি. পেনাল কোড, ১৮৬০-এর ৩০২/১০৯/১১৪ ধারা<br>(৪) যাত্রাবাড়ি (ডিএমপি) থানার মামলা নং-২১, তারিখঃ ২৫-০৮-২০২৪ খ্রি. পেনাল কোড, ১৮৬০-এর ৩০২/১০৯/১১৪ ধারা |
| ০২ | বিপ্লব কুমার সরকার, বিপি-৭২০৩১২২৫৯৬, বিসিএস ২১তম ব্যাচ, সাবেক অতিরিক্ত ডিআইজি (যুগ্ম কমিশনার, ডিএমপি), ঢাকা | (১) যাত্রাবাড়ি থানার মামলা নং-০৯, তারিখঃ ০৬-১০-২০২৪ খ্রি. পেনাল কোড, ১৮৬০-এর ১৪৩/৩০২/৩২৩/৩২৪/৩২৫/৩২৬/১০৯/১১৪/৩৪ ধারা<br>(২) যাত্রাবাড়ি (ডিএমপি) থানার মামলা নং-৩১, তারিখঃ ২৮-০৮-২০২৪ খ্রি. পেনাল কোড, ১৮৬০-এর ৩০২/১০৯/১১৪ ধারা<br>(৩) যাত্রাবাড়ি (ডিএমপি) থানার মামলা নং-২১, তারিখঃ ২৫-০৮-২০২৪ খ্রি. পেনাল কোড, ১৮৬০-এর ৩০২/১০৯/১১৪ ধারা |

| ক্রম | কর্মকর্তার নাম, বিপি নম্বর, ব্যাচ ও পদবি | থানার নাম, মামলা নং ও তারিখ |
|---|---|---|
| ০৩ | মোহাম্মদ ইকবাল হোসাইন, বিপি-৮১০৮১২১৬৩৮, বিসিএস ২৭তম ব্যাচ, সাবেক উপ-পুলিশ কমিশনার, ওয়ারী বিভাগ, ডিএমপি, ঢাকা | (১) যাত্রাবাড়ি থানার মামলা নং-০৯, তারিখঃ ০৬-১০-২০২৪ খ্রি. পেনাল কোড, ১৮৬০-এর ১৪৩/৩০২/৩২৩/৩২৪/৩২৫/৩২৬/১০৯/১১৪/৩৪ ধারা<br>(২) যাত্রাবাড়ি (ডিএমপি) থানার মামলা নং-৩১, তারিখ: ২৮-০৮-২০২৪ খ্রি. পেনাল কোড, ১৮৬০-এর ৩০২/১০৯/১১৪ ধারা<br>(৩) যাত্রাবাড়ি (ডিএমপি) থানার মামলা নং-২১, তারিখ: ২৫-০৮-২০২৪ খ্রি. পেনাল কোড, ১৮৬০-এর ৩০২/১০৯/১১৪ ধারা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাইমা আফরোজ ইমা**
সিনিয়র সহকারী সচিব।

**[একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত]**

**আনসার-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৯ জ্যৈষ্ঠ ১৪৩৩/০২ জুন ২০২৬

নং **৪৪.০০.০০০০.০০০.১১৪.২৭.০০০১.২৫-৯৪**—যেহেতু, জনাব মোঃ ফয়সাল হোসেন, বিএভি-১২০১৬৯, উপপরিচালক, ৩ আনসার ব্যাটালিয়ন, তিনটহরী, মানিকছড়ি, খাগড়াছড়ি, এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে ০২-০৬-২০২৬ তারিখে বিভাগীয় মামলা (মামলা নং ১৬/২০২৬) রুজু হয়েছে;

২। সেহেতু, জনাব মোঃ ফয়সাল হোসেন, বিএভি ১২০১৬৯, উপপরিচালক, ৩ আনসার ব্যাটালিয়ন, তিনটহরী, মানিকছড়ি, খাগড়াছড়ি-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২ উপবিধি (১) অনুযায়ী ০২-০৬-২০২৬ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো।

৩। সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনজুর মোর্শেদ চৌধুরী**
সিনিয়র সচিব।

**শৃঙ্খলা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ জ্যৈষ্ঠ ১৪৩৩/২৪ মে ২০২৬

নং **৪৪.০০.০০০০.০০০.৫৭.২৭.০১২.২৫-১৯৬(১)**—যেহেতু, জনাব মোহাম্মদ আবদুল আউয়াল (বিএভি-১২০০৪৮), বর্তমানে রেঞ্জ কমান্ডার (উপমহাপরিচালক), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রংপুর রেঞ্জ, রংপুর ইতঃপূর্বে রেঞ্জ কমান্ডার (উপমহাপরিচালক), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ হিসাবে কর্মরত থাকাকালে 'অসদাচরণ (Misconduct)'-এর অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুপূর্বক তাঁকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। তদপ্রেক্ষিতে তিনি কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন এবং তাঁর ইচ্ছার পরিপ্রেক্ষিতে গত ২৩-০৫-২০২৬ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; এবং

২। যেহেতু, শুনানিকালে আনীত অভিযোগ, লিখিত জবাব, উভয়পক্ষের বক্তব্য এবং অন্যান্য গুরুত্বপূর্ণ দালিলিক প্রমাণাদি পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ'-এর অভিযোগ পর্যাপ্ত তথ্য-উপাত্ত দ্বারা সমর্থিত নয়;

৩। সেহেতু, জনাব মোহাম্মদ আবদুল আউয়াল (বিএভি-১২০০৪৮), বর্তমানে রেঞ্জ কমান্ডার (উপমহাপরিচালক), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রংপুর রেঞ্জ, রংপুর ইতঃপূর্বে রেঞ্জ কমান্ডার (উপমহাপরিচালক), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে উভয়পক্ষের বক্তব্য এবং প্রাসঙ্গিক অন্যান্য দলিলপত্রাদি পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় তাঁকে ভবিষ্যতের জন্য সতর্ক করে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনজুর মোর্শেদ চৌধুরী**
সিনিয়র সচিব।

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**প্রাণিসম্পদ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ জ্যৈষ্ঠ ১৪৩৩/৩০ মে ২০২৬

নং **৩৩.০০.০০০০.১১৭.০৪.০০২.২০-৩৭৮**—যেহেতু, বিসিএস (পশুসম্পদ) ক্যাডারের কর্মকর্তা ডাঃ মোঃ আতিকুর রহমান (গ্রেডেশন নম্বর-৯৬৬), কিউরেটর, বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা, মিরপুর, ঢাকা-এর বিরুদ্ধে অসদাচরণের অভিযোগে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৩৯(১) এর বিধান অনুযায়ী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে; এবং

২। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী কর্তৃপক্ষ তাঁকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা প্রয়োজন ও সমীচীন মনে করেন;

৩। সেহেতু, উক্ত বিধিমালার বিধি ১২(১) অনুযায়ী ডাঃ মোঃ আতিকুর রহমান (গ্রেডেশন নম্বর-৯৬৬), কিউরেটর, বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা, মিরপুর, ঢাকা-কে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলোয়ার হোসেন**
সচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ জ্যৈষ্ঠ ১৪৩৩/০৩ জুন ২০২৬

নং **৩৩.০০.০০০০.১১৭.১২.০০১.২১ (অংশ-১)-৩৮০**—মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশের আলোকে বিসিএস (পশুসম্পদ) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগ বিধিমালা, ১৯৮১ (সংশোধিত ১৯৯৭) অনুযায়ী উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/সমমান পদে (জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৬ষ্ঠ গ্রেড: ৩৫,৫০০-৬৭,০১০/- টাকা) পদোন্নতি প্রদান করা হলো :

| গ্রেডেশন নম্বর | কর্মকর্তার নাম, পদবি ও বর্তমান কর্মস্থল |
|---|---|
| ১৯৭৫ | ডাঃ মোঃ আশরাফুল ইসলাম<br>ভেটেরিনারি সার্জন, লিভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। |

২। বর্ণিত কর্মকর্তা তাঁর নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক (ভারপ্রাপ্ত), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করবেন।

৩। বর্ণিত কর্মকর্তাকে ২৭-০৬-২০২১ খ্রি. তারিখ হতে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/সমমান পদে ধারণাগত জ্যেষ্ঠতা প্রদান করা হলো। উল্লিখিত ধারণাগত জ্যেষ্ঠতা শুধুমাত্র চাকরির ধারাবাহিকতা, জ্যেষ্ঠতা ও বেতন নির্ধারণের ক্ষেত্রে গণনা করা হবে। বর্ণিত কর্মকর্তা উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/সমমান পদে যোগদানের তারিখের পূর্বের কোনো বকেয়া আর্থিক সুবিধা পাবেন না।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পঙ্কজ বড়ুয়া**
উপসচিব।

**শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৩ এপ্রিল ২০২৬ খ্রি.

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.১০০.২২-৪৬১**—যেহেতু, ডা. চিন্ময় হাওলাদার (১১৪৬২১), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আমতলী, বরগুনা-এর বিরুদ্ধে গত ০৭-০৯-২০২৫ খ্রি. তারিখের আলোকে গৃহীত অভিযোগপত্রের ভিত্তিতে মামলা নং-জিআর ৫১৪/১৮ (কলা) স্পেশাল কেস নম্বর-২/২৫ মূলে ০৪-০৩-২০২৬ খ্রি. তারিখ পটুয়াখালী কোর্টে হাজিরা প্রদান করলে বিজ্ঞ বিচারক তাকে জেল হাজতে প্রেরণ করেন;

যেহেতু, তিনি গত ১০-০৩-২০২৬ খ্রি. তারিখ জামিনে মুক্ত হন;

যেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(২) ধারায় উল্লেখ করা হয়েছে, ‘কোনো কর্মচারী দেনার দায়ে কারাগারে আটক থাকিলে, অথবা কোনো ফৌজদারি মামলায় গ্রেপ্তার হইলে বা তাহার বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হইলে, সরকার বা নিয়োগকারী কর্তৃপক্ষ উক্তরূপ আটক, গ্রেপ্তার বা অভিযোগপত্র গ্রহণের দিন হইতে তাহাকে সাময়িক বরখাস্ত করিতে পারিবে’;

যেহেতু, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২১-১১-১৯৭৮ খ্রি. তারিখের অফিস মেমোরেন্ডাম নং ED(Reg-VI)-S-123/78115(500)-এর বিধানমতে, ‘কোনো কর্মচারী গ্রেপ্তারের পর বা আত্মসমর্পণের পর জামিনে মুক্তি লাভ করিলেও সাময়িক বরখাস্ত হিসাবে বিবেচিত হইবেন। তবে এইক্ষেত্রে জটিলতা এড়াইবার জন্য কর্তৃপক্ষ সাময়িক বরখাস্তের ফরমাল আদেশ জারি করিবেন’;

সেহেতু, ডা. চিন্ময় হাওলাদার-কে ০৭-০৯-২০২৫ খ্রি. থেকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

সাময়িক বরখাস্ত থাকাকালে তিনি বিধি অনুযায়ী খোরপোশ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০৭ মে ২০২৬ খ্রি.

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.৩৮১.২৫-৫২৮**—যেহেতু, ডা. মোঃ ইকরামুল হক (১০১৫২৯৭), ডেন্টাল সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নান্দাইল, ময়মনসিংহ-কে ০৮-০৭-২০২৫ খ্রি. তারিখে জি.আর নং-৩৯৮(২)২৫, মামলা নং-৬৭ এর আলোকে জামালপুর সদর থানা কর্তৃক গ্রেফতারপূর্বক কারাগারে আটক করা হয়;

যেহেতু, উক্ত মামলায় গ্রেফতার হওয়ার কারণে স্বাস্থ্য সেবা বিভাগের ৩০-০৩-২০২৬ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১২২.২৭.৩৮১.২৫-৩৬৮ নং স্মারকে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(২) ধারা অনুযায়ী উক্ত কর্মকর্তাকে ০৮-০৭-২০২৫ খ্রি. তারিখে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, সংশ্লিষ্ট কর্মকর্তাকে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, জামালপুর কর্তৃক ০১-০৪-২০২৬ খ্রি. তারিখের রায়ে উক্ত মামলা হতে খালাস প্রদান করা হয়;

সেহেতু, ডা. মোঃ ইকরামুল হক (১০১৫২৯৭)-এর সাময়িক বরখাস্তকরণ সংক্রান্ত স্বাস্থ্য সেবা বিভাগের পূর্বোক্ত প্রজ্ঞাপনটি প্রত্যাহার করা হলো। তার সাময়িক বরখাস্তের সময়কে বিধি মোতাবেক কর্তব্য কাল হিসাবে গণ্য করার জন্য বলা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১৯ মে ২০২৬ খ্রি.

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.০৯৩.২৬-৫৬০**—যেহেতু ডা. মিজানুর রহমান (১০৮৮৮৪), রেজিস্ট্রার (অর্থোপেডিক্স অ্যান্ড ট্রমাটোলজি), জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পূর্ণবাসন প্রতিষ্ঠান, ঢাকা-তে কর্মরত আছেন;

যেহেতু, তাঁর ২য় স্ত্রী জনাব নাহিদ আক্তার কর্তৃক আনীত অভিযোগের প্রেক্ষিতে গত ২০-০৫-২০২৬ খ্রি. তারিখ উভয়পক্ষের শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, শুনানিতে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে যৌতুক দাবী, Domestic Violence, Extra Marital Affairs ও Porn আসক্তি এর অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া যায়;

যেহেতু, ইতোমধ্যে আনীত অভিযোগের পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়েছে, যা বর্তমানে চলমান রয়েছে;

যেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(১) ধারা অনুযায়ী, 'কোনো কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় কার্যধারা প্রস্তাব বা বিভাগীয় কার্যধারা রুজু করা হইলে, সরকার বা নিয়োগকারী কর্তৃপক্ষ অভিযোগের মাত্রা ও প্রকৃতি, অভিযুক্ত কর্মচারীকে তাহার দায়িত্ব হইতে বিরত রাখিবার আবশ্যকতা, তৎকর্তৃক তদন্তকার্যে প্রভাব বিস্তারের আশঙ্কা, ইত্যাদি বিবেচনা করিয়া তাহাকে সাময়িক বরখাস্ত করিতে পারিবে';

সেহেতু, ডা. মিজানুর রহমান (১০৮৮৮৪)-সাময়িক বরখাস্তের প্রজ্ঞাপনের তারিখ হতে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

সাময়িক বরখাস্ত থাকাকালে তিনি বিধি অনুযায়ী খোরপোশ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ কামরুজ্জামান চৌধুরী**
সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**সরকারি কলেজ-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ জ্যৈষ্ঠ ১৪৩৩/২৪ মে ২০২৬

নং **৩৭.০০.০০০০.০০০.০৬৯.০৮.০০১.১৯.৬০০**—সরকারি ও বেসরকারি কলেজসমূহের ২০২৬ সালের (১৪৩২-১৪৩৩ বঙ্গাব্দ) বাৎসরিক ছুটির তালিকায় নিম্নোক্তভাবে সংশোধনপূর্বক মন্ত্রণালয়ের অনুমোদন জ্ঞাপন করা হলো :

| ক্র. | ছুটির উপলক্ষ্য | অনুমোদিত ছুটির তারিখ ও দিন | বঙ্গাব্দের তারিখ | দিন সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | *শব-ই-মিরাজ | ১৭ জানুয়ারি, শনিবার, ২০২৬ | ০৩ মাঘ, ১৪৩২ | ০০ | |
| ০২ | শ্রী শ্রী সরস্বতী পূজা | ২৩ জানুয়ারি, শুক্রবার, ২০২৬ | ০৯ মাঘ, ১৪৩২ | ০০ | |
| ০৩ | *মাঘী পূর্ণিমা | ০১ ফেব্রুয়ারি, রবিবার, ২০২৬ | ১৮ মাঘ, ১৪৩২ | ০১ | |
| ০৪ | *শব-ই-বরাত | ০৪ ফেব্রুয়ারি, বুধবার, ২০২৬ | ২১ মাঘ, ১৪৩২ | ০১ | |
| ০৫ | শ্রী শ্রী শিবরাত্রি ব্রত | ১৫ ফেব্রুয়ারি, রবিবার, ২০২৬ | ০২ ফাল্গুন, ১৪৩২ | ০১ | |
| ০৬ | শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | ২১ ফেব্রুয়ারি, শনিবার, ২০২৬ | ০৮ ফাল্গুন, ১৪৩২ | ০০ | |
| ০৭ | *পবিত্র রমজান, দোলযাত্রা (০৩ মার্চ), *শব-ই-ক্বদর (১৭ মার্চ), জুমাতুল বিদা (২০ মার্চ), * ঈদ-উল-ফিতর (২১ মার্চ) ও গ্রীষ্মকালীন অবকাশ। | ১৮ ফেব্রুয়ারি, বুধবার ২০২৬ হতে ২৫ মার্চ, বুধবার ২০২৬ পর্যন্ত | ০৫ মাঘ ১৪৩২ হতে ১১ চৈত্র ১৪৩২ | ২৬ | |
| ০৮ | স্বাধীনতা ও জাতীয় দিবস | ২৬ মার্চ, বৃহস্পতিবার ২০২৬ | ১২ চৈত্র, ১৪৩২ | ০১ | |
| ০৯ | পুণ্য শুক্রবার | ০৩ এপ্রিল, শুক্রবার ২০২৬ | ২০ চৈত্র, ১৪৩২ | ০০ | |
| ১০ | পুণ্য শনিবার | ০৪ এপ্রিল, শনিবার ২০২৬ | ২১ চৈত্র, ১৪৩২ | ০০ | |
| ১১ | ইস্টার সানডে | ০৫ এপ্রিল, রবিবার ২০২৬ | ২২ চৈত্র, ১৪৩২ | ০১ | |
| ১২ | বৈসাবি ও পার্বত্য চট্টগ্রামের অন্যান্য ক্ষুদ্র নৃ- গোষ্ঠীর অনুরূপ সামাজিক উৎসব | ১৩ এপ্রিল, সোমবার ২০২৬ | ৩০ চৈত্র ১৪৩২ | - | ০১ দিন (শুধুমাত্র সংশ্লিষ্ট এলাকার জন্য প্রযোজ্য) |

| ক্র. | ছুটির উপলক্ষ্য | অনুমোদিত ছুটির তারিখ ও দিন | বঙ্গাব্দের তারিখ | দিন সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১৩ | বাংলা নববর্ষ | ১৪ এপ্রিল, মঙ্গলবার ২০২৬ | ০১ বৈশাখ, ১৪৩৩ | ০১ | |
| ১৪ | মে দিবস ও *বুদ্ধ পূর্ণিমা ( বৈশাখী পূর্ণিমা) | ০১ মে, শুক্রবার ২০২৬ | ১৮ বৈশাখ, ১৪৩৩ | ০০ | |
| ১৫ | *পবিত্র ঈদ-উল-আযহা | ২২ মে, শুক্রবার ২০২৬ হতে ০৬ জুন, শনিবার ২০২৬ পর্যন্ত | ০৮ জ্যৈষ্ঠ ১৪৩৩ হতে ২৩ জ্যৈষ্ঠ ১৪৩৩ | ১০ | |
| ১৬ | *পবিত্র আশুরা | ২৬ জুন, শুক্রবার ২০২৬ | ১২ আষাঢ়, ১৪৩৩ | ০০ | |
| ১৭ | জুলাই গণঅভ্যুত্থান দিবস | ০৫ আগস্ট, বুধবার ২০২৬ | ২১ শ্রাবণ, ১৪৩৩ | ০১ | |
| ১৮ | *আখেরি চাহার সোম্বা | ১২ আগস্ট, বুধবার ২০২৬ | ২৮ শ্রাবণ, ১৪৩৩ | ০১ | |
| ১৯ | *ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) | ২৬ আগস্ট, বুধবার ২০২৬ | ১১ ভাদ্র, ১৪৩৩ | ০১ | |
| ২০ | শুভ জন্মাষ্টমী | ০৪ সেপ্টেম্বর, শুক্রবার ২০২৬ | ২০ ভাদ্র, ১৪৩৩ | ০০ | |
| ২১ | *ফাতেহা-ই-ইয়াজদাহম | ২৪ সেপ্টেম্বর, বৃহস্পতিবার ২০২৬ | ০৯ আশ্বিন, ১৪৩৩ | ০১ | |
| ২২ | শ্রী শ্রী দূর্গা পূজা, বিজয়া দশমী (২১ অক্টোবর), *প্রবারণা পূর্ণিমা ও শ্রী শ্রী লক্ষ্মী পূজা (২৫ অক্টোবর) | ১৮ অক্টোবর, রবিবার ২০২৬ হতে ২৯ অক্টোবর, বৃহস্পতিবার ২০২৬ পর্যন্ত | ০২ কার্তিক ১৪৩৩ হতে ১৩ কার্তিক ১৪৩৩ পর্যন্ত | ১০ | |
| ২৩ | শ্রী শ্রী শ্যামা পূজা | ০৮ নভেম্বর, রবিবার ২০২৬ | ২৩ কার্তিক, ১৪৩৩ | ০১ | |
| ২৪ | বিজয় দিবস | ১৬ ডিসেম্বর, বুধবার, ২০২৬ | ০১ পৌষ, ১৪৩৩ | ০১ | |
| ২৫ | শীতকালীন অবকাশ এবং যিশু খ্রিস্টের জন্মদিন (বড় দিন, ২৫ ডিসেম্বর) | ১৭ ডিসেম্বর, বৃহস্পতিবার, ২০২৬ হতে ৩১ ডিসেম্বর, বৃহস্পতিবার, ২০২৬ পর্যন্ত | ০২ পৌষ, ১৪৩৩ হতে ১৬ পৌষ, ১৪৩৩ পর্যন্ত | ১১ | |
| ২৬ | প্রতিষ্ঠান প্রধানের সংরক্ষিত ছুটি | | | ০৩ | |
| | | | মোট (সাপ্তাহিক ছুটি ব্যতীত) | ৭২ | |

(* চিহ্নিত ছুটির তারিখ চাঁদ দেখার উপর নির্ভরশীল)

বিঃ দ্রঃ সপ্তাহে শুক্রবার ও শনিবার ০২ (দুই) দিন ছুটি থাকবে।

একাডেমিক কার্যক্রমের সময়সূচি

| কার্যক্রমের নাম | সময় | ফলাফল প্রকাশ |
|---|---|---|
| একাদশ শ্রেণিতে ভর্তির কার্যক্রম | ১৫ জুন, সোমবার ২০২৬ হতে শুরু | |
| একাদশ শ্রেণির ক্লাস | ০১ জুলাই, বুধবার ২০২৬ হতে শুরু | |
| একাদশ শ্রেণির বার্ষিক পরীক্ষা (সেশনঃ ২০২৫-২০২৬) | ২৫ জুন, বৃহস্পতিবার ২০২৬ হতে শুরু | ১৬ জুলাই, ২০২৬ |
| দ্বাদশ শ্রেণির নির্বাচনী পরীক্ষা (সেশনঃ ২০২৪-২০২৫) | ফেব্রুয়ারি, ২০২৬ শুরু | মার্চ, ২০২৬ |

১। কোনো সরকারি কর্মকর্তার পরিদর্শন উপলক্ষে প্রতিষ্ঠান ছুটি দেওয়া যাবে না এবং সংবর্ধনা/পরিদর্শক উপলক্ষে শিক্ষার্থীদের ক্লাশ বন্ধ করা যাবে না। সংবর্ধিত/পরিদর্শনকারী ব্যক্তির প্রতি সম্মান প্রদর্শনের জন্য শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করানো যাবে না।

২। জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ দিবস যথাঃ ২১ ফেব্রুয়ারি, ২৬ মার্চ ও ১৬ ডিসেম্বর ক্লাস বন্ধ থাকবে। তবে সংশ্লিষ্ট দিবসের বিষয়ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে দিবসটি উদযাপন করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জান্নাতুল ফেরদৌস**
উপসচিব।